ক্রিসমাসে বন্ধ

সংখ্যা 33 | ডিসেম্বর 2019

স্পিটালফিল্ডস এবং এর আশেপাশের এলাকার সর্বশেষ সংবাদ

SPITALFIELDS
HOUSING ASSOCIATION LTD
স্পিটালফিল্ডস হাউজিং এসোসিয়েশন লি:

ইনসাইড এস.এইচ.এ

www.spitalfieldsha.co.uk

সর্বশেষ হাউজিং সংবাদ P.2

কমিউনিটি তৎপরতা P.3

ক্রিসমাস উৎসবের সময়ে আমাদের অফিস বন্ধ থাকবে মঙ্গলবার ২৪ ডিসেম্বর ২০১৯ অপরাহ্ন ১:০০টা থেকে বৃহস্পতিবার ২রা জানুয়ারী ২০২০ সকাল ৯:৩০ পর্যন্ত।

ক্রিসমাসের সময় আপনার যদি কোন ইমার্জেন্সি প্রয়োজন হয় তাহলে আমাদের অফিস বন্ধের সময়ের নম্বরে যোগাযোগ করুন।

ক্রিসমাসের বন্ধের সময়ে জরুরী ব্যবস্থা:

জরুরী ফোন নম্বরসমুহ

গ্যাস সেন্ট্রাল হিটিং এবং গরম পানি:
রবার্ট হিথ হিটিং :
০২০ ৮৩৩৬ ৬৭৬৭
সবধরণের গ্যাস বয়লার এবং সেন্ট্রাল হিটিংয়ে সমস্যা হলে.

অন্যান্য ইমার্জেন্সি বা জরুরী কাজে:

০২০ ৭৩২৯ ৫৪০০
(এতে অপশন ১ হলো রিপেয়ার অর্থাৎ মেরামত), এটি টিপলেই সরাসরি পিনেকল কানেক্ট এর সাথে সংযোগ স্থাপিত হবে।

আপনার পানি, বিদ্যুত অথবা গ্যাস চলে গেলে নিম্নলিখিত নম্বরে ফোন করুন:

থেমস ওয়াটার
পানি সরবরাহ বন্ধ হয়ে গেলে :
০৮০০ ৩১৬ ৯৮০০

নর্দমার পানি উপচে পড়লে অথবা বন্ধ হয়ে গেলে :
০৮০০ ৩১৬ ৯৮০০

কেডেন্ট (ইউকে পাওয়ার নেটওয়ার্ক)
বিদ্যুত চলে গেলে :
০৮০০ ৩১৬ ৩১০৫

ন্যাশনাল গ্যাস ইমার্জেন্সি সার্ভিস
গ্যাস বের হলে :
০৮০০ ১১১ ৯৯৯

অন্যান্য ইমার্জেন্সি মেরামত কি?

- পানি সরবরাহ সম্পুর্ণভাবে বন্ধ হয়ে যাওয়া (প্রতিবেশির কাছে প্রথমে জেনে নিন)
- অগ্নিকান্ডে ক্ষতি
- সম্পুর্ণভাবে বিদ্যুত সরবরাহ বন্ধ হয়ে যাওয়া (প্রতিবেশির কাছে প্রথমে জেনে নিন)
- বাইরের দরজা জানালা নিরাপদ না থাকা
- বৈদ্যুতিক ফিটিংস, লাইটিং অথবা সকেটস ইত্যাদি নিরাপদ না থাকা
- ড্রেইন বন্ধ অথবা লিক হওয়া, ময়লা আটকে যাওয়া অথবা টয়লেট কমোড বন্ধ হয়ে যাওয়া (যখন বাড়িতে আর কোন টয়লেট থাকেনা)। যদি যৌথ মূল ম্যানহোল বন্ধ হয়ে যায় তাহলে টেমস ওয়াটারকে কল করুন।
- পাইপ ফেটে যাওয়া, পানি উপচে পড়া (গুরুতরভাবে পানি লিক হওয়া যা বন্ধ হচ্ছেনা)
- বৃষ্টির পানি ভিতরে আসা
- বন্যা হয়ে যাওয়া
- আপত্তিকর এবং বর্ণবাদী গ্রাফিতি বা দেয়াল লিখন
- কার পার্কের গেইট না খোলা
- লিফট নষ্ট হওয়া
- বৈদ্যুতিক হিটিং এবং গরম পানি
- ঝড়ে ক্ষতি
- যৌথ প্রবেশ পথ অথবা মুল দরজা না খোলা

অন্যান্য সকল কাজ সম্পন্ন করা হবে যখন অফিস নববর্ষে খোলা হবে।

নিরাপত্তার ঝুঁকি এড়ানোর জন্য শুধুমাত্র জরুরী কাজ করা হবে। অন্যান্য সকল কাজ ক্রিসমাসের ছুটির পরে সম্পন্ন করার জন্য দেয়া হবে।

বিশেষ দ্রষ্টব্য : যে সমস্ত কাজ জরুরী নয় তা অনলাইনেও রিপোর্ট করা যাবে। http://www.spitalfieldsha.co.uk/yourhome/report-a-repair/

খরচ করার আগেই আপনার রেন্ট পরিশোধ করুন

রেন্টাল এক্সচেঞ্জ কি?

আপনার বাসস্থান থাকা জরুরী। সময়মতো রেন্ট পরিশোধ করে তা সুরক্ষা করুন।

আপনার ক্রিসমাসের তালিকায় এ বছর রেন্ট পরিশোধ শীর্ষে রাখুন।

আমরা জানি হলিডের সময়ে বাজেটের উপর চাপ পড়ে। কিন্তু আপনার রেন্ট পরিশোধে দেরীর কথা অথবা দেনার ব্যালেন্স পরিশোধের কথা ভেবে দেখুন।

প্রত্যেক বছর কিছু মানুষ ক্রিসমাসে তাড়াতাড়ি অনেক কিছু করে ফেলেন, কিন্তু এরপরে নববর্ষে এ নিয়ে সমস্যায় পড়েন।

আপনি যদি সত্যিকারভাবে রেন্টপরিশোধ না করতে পারেন তাহলে আমাদের সাথে যত সম্ভব তাড়াতাড়ি যোগাযোগ করুন। আমরা আপনার বেনিফিট বাড়ানোতে সাহায্য করতে পারি এবং অন্যান্য এজেন্সিতে সাহায্য এবং আর্থিক পরামর্শের জন্য রেফার করতে পারি।

কিন্তু আপনি যদি পেমেন্ট না করা বেছে নেন, তাহলে আমরা এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবো এবং আপনি বাসস্থান হারাতে পারেন।

অনুগ্রহ করে এই লিফলেট অবজ্ঞা করবেন না, ঝুঁকি নেয়া মোটেই উচিত নয়।

সাবলেটিং (বেআইনিভাবে থাকা)

স্পিটালফিল্ডস হাউজিং এসোসিয়েশন নিয়মিত ভাড়াটে তদন্ত করে দেখে এবং বুজতে পেরেছে কিছু টেন্যান্ট তাদের বাসস্থান সাবলেট দিয়েছেন। প্রত্যেকটা ঘটনায়ই বাসস্থান পুন:দখলের জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সাবলেটিং দেয়ার ফলে আমরা সফলভাবে তিনটি বাসস্থান এ বছর পুন:দখলে নিয়েছি।

টেন্যান্টরা অবশ্যই কোন বাসস্থান ট্রান্সফার অথবা পুরো বাসস্থান সাবলেট দেবেন না অথবা অন্যান্য মানুষদের বসবাসের সুযোগ দেয়ার মাধ্যমে তা ওভারক্রাউডেড করবেন না। টেন্যান্টস যাদের সিকিয়ুর্ড এবং এশিয়ুর্ড টেন্যান্সি রয়েছে তারা ভাড়াটে নিতে পারেন, তবে আমাদের অবশ্যই সাথে সাথে জানাতে হবে এবং বাসস্থানকে ওভারক্রাউডেড করতে পারবেন না।

যারা নতুন টেন্যান্ট বা ভাড়াটে হয়েছেন তারা অবশ্যই সাবলেট দিতে পারবেন না বা লজার অথবা ভাড়াটে নিতে পারবেন না।

বন্ধুবান্ধব অথবা আত্মীয়স্বজনকে থাকতে দেয়ার মাধ্যমে বাসস্থানকে ওভারক্রাউডেড করা আপনার টেন্যান্সি চুক্তি লংঘনের সামিল এবং আপনার ভাড়াটেশীপকে ঝুঁকির মধ্যে ফেলতে পারে।

আপনি যদি সন্দেহ করেন কেউ:

- তাদের সোশ্যাল হাউজিংকে সাবলেট দিচ্ছে
- টেন্যান্সি পাওয়ার জন্য ভুয়া তথ্য দিয়েছে
- বেআইনিভাবে সোশ্যাল হাউজিং কোন বন্ধুবান্ধব বা আত্মীয়স্বজনকে দিয়েছে
- তাদের সোশ্যাল হাউজিংয়ের বাসস্থানে বাস করছেন না

তাহলে অনুগ্রহ করে আমাদের ০২০ ৭৩৯২ ৫৪০০ নম্বরে জানান অথবা ইমেইল করুন housingmanagement@spitalfieldsha.co.uk

আপনি যেসব তথ্য দিবেন তা গোপনীয় থাকবে।

যত্রতত্র ফেলা / বৃহদাকারের আবর্জনা

বাসিন্দাদের স্মরণ করিয়ে দেয়া হচ্ছে যে যৌথ এলাকায় যেমন হল, সিড়ি এবং বারান্দায় কোন জিনিস ফেলে রাখবেন না। অগ্নিকান্ডের সময় তা ঝুঁকির কারণ হতে পারে, যেহেতু তা পালাবার পথ বন্ধ রাখতে পারে এবং তা ইমার্জেন্সি সার্ভিসের কাজে প্রতিবন্ধকতা সৃষ্টি করতে পারে।

এই নিয়ম প্রাম এবং বাইসাকেলসহ যেকোন ব্যক্তিগত জিনিস ছোট অথবা বড় রাখার ক্ষেত্রেই প্রযোজ্য। যেকোন জিনিস বাইরে রাখা হলে তা হয়তো সরিয়ে ফেলা হবে এবং ধ্বংস করা হবে। কোন জিনিস আমাদের স্টোর করে রাখা হলে তা ফেরত পেতে স্টোর করে রাখার খরচ এবং সরানোর খরচ দুটিই দিতে হবে।

আমরা ইতোমধ্যেই আমাদের এস্টেটগুলোর ব্লকে এই ব্যবস্থা চালু করেছি।

অনুগ্রহ করে ডোর ক্লোজার অর্থাৎ দরজা বন্ধ করার যন্ত্রটি খুলে ফেলবেন না।

আমাদের অনেক ব্লকে আমরা দরজা স্বয়ংক্রিয়ভাবে বন্ধের জন্য আপনার ফ্রন্ট বা সামনের দরজায় ডোর ক্লোজার লাগিয়েছি। এর কারণ হলো কোন অগ্নিদুর্ঘটনায় যাতে সিড়িগুলো ধোয়ায় আচ্ছন্ন না হয় তা নিশ্চিত করার জন্য।

অনুগ্রহ করে তা খুলে ফেলা বা অকেজো করা থেকে বিরত থাকুন কারণ তা আপনার এবং অন্যের জীবনের জন্য ঝুঁকি হতে পারে যদি আগুন লাগে। এই ফায়ার ডোর খোলা রাখবেন না, এটি সবসময় বন্ধ রাখতে হবে।

পেনশন ক্রেডিট

সরকার মিশ্র বয়সি দম্পতির জন্য পেনশন ক্রেডিটে পরিবর্তন এনেছে যা ১৫ মে ২০১৯ থেকে কার্যকর হয়েছে।

দম্পতি যাদের মধ্যে একজন পার্টনারের বয়স সরকারী পেনশন বয়সের কম হয় তারা আর নতুনভাবে পেনশন ক্রেডিটের অথবা পেনশন বয়সের হাউজিং বেনিফিটের জন্য আবেদন করতে পারবেন না। তাদেরকে এখন ইউনিভার্সাল ক্রেডিটের আবেদন করতে হবে। পেনশনার যারা ইউনিভার্সাল ক্রেডিট পান তাদের জন্য কোন অতিরিক্ত সুযোগ সুবিধা নেই যাতে তাদের অবস্থা আরও খারাপ হয়েছে।

মিশ্র বয়সি দম্পতিরা অতীতে আরও সুযোগসুবিধা সম্বলিত পেনশন ক্রেডিট ক্লেইম করতে পারতেন যতক্ষণ একজন পেনশন বয়সের উর্ধে হতেন এবং তিনি পেনশনের আবেদন করতেন। তারা তখন হাউজিং বেনিফিটের ক্লেইম করলেও বেনিফিট ক্যাপ অথবা বেডরুম ট্যাক্সের আওতায় পড়তেন না।

যে সমস্ত ক্লেইম্যান্ট বা আবেদনকারী ১৫ মে ২০১৯ এর আগে পেনশন ক্রেডিট বা হাউজিং বেনিফিট ক্লেইম করেছেন তারা এই বেনিফিটগুলোই পাবেন যতক্ষণ পর্যন্ত তারা এর যোগ্য রয়েছেন।

ক্লেইম্যান্ট পেনশন ক্রেডিট এর এই যোগ্যতা হারাবেন যদি তিনি কোন বিশেষ কারণ ছাড়া চার সপ্তাহের বেশি সময়ের জন্য যুক্তরাজ্যের বাইরে যান তাহলে। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে আপনি যদি বাসস্থানের বাইরে চার সপ্তাহ বা তার বেশি সময়ের জন্য থাকেন তাহলে তা আমাদের অথবা ডিডব্লিউপিকে জানান।

শীতকালীন জ্বালানি খরচের ব্যাপারে সাহায্য

ওয়ার্ম হোম ডিসকাউন্ট স্কীম

ওয়ার্ম হোম ডিসকাউন্ট স্কীম এর অধীনে শীতকাল ২০১৯ থেকে ২০২০ সাল মেয়াদে আপনি ১৪০ পাউন্ড পর্যন্ত ছাড় পেতে পারেন ইলেক্ট্রিসিটি বিলে। এই অর্থ আপনাকে দেয়া হবেনা - এটি সেপ্টেম্বর এবং মার্চের মধ্যে আপনার বিলে একবারই ডিসকাউন্ট দেয়া হবে।

আপনি হয়তো আপনার গ্যাস বিলে এই ডিসকাউন্ট পেতে পারেন যদি আপনার সাপ্লায়ার গ্যাস এবং ইলেক্ট্রিসিটি দুটিই আপনাকে সরবরাহ করে থাকে। আরও তথ্যের জন্য আপনার সাপ্লায়ারের সাথে যোগাযোগ করুন।

উইন্টার ফুয়েল পেমেন্ট অর্থাৎ শীতকালীন জ্বালানী পেমেন্ট

উইন্টার ফুয়েল পেমেন্ট হচ্ছে ১০০ পাউন্ড থেকে ৩০০ পাউন্ডের একটি এককালীন ট্যাক্স ফ্রি পেমেন্ট যা শীতকালে হিটিং খরচে সাহায্য করার জন্য দেয়া হয়। আপনার পরিবারে যদি একজন সদস্য পেনশন ক্রেডিট বয়সের উপরে হন তাহলে আপনি এর জন্য আবেদন করতে পারেন। এই বেনিফিট এর সাথে আপনার আর্থিক সংস্থানের কোন সম্পর্ক নেই।

কোল্ড ওয়েদার পেমেন্ট অর্থাৎ খুব শীতের জন্য পেমেন্ট

খুব বেশি শীত পড়লে জ্বালানী বিলে সাহায্যের জন্য এই কোল্ড ওয়েদার পেমেন্ট দেয়া হয়। খুব বেশি শীত পড়ার সময়কাল অন্ততপক্ষে একটানা সাতদিনের বেশি হতে হবে এবং তা ১ নভেম্বর থেকে ৩১ মার্চের ভিতরে হতে হবে। সে সময়ের তাপমাত্রাও গড়ে জিরো ডিগ্রি বা তার নিম্নে থাকতে হবে।

এতে কোন নির্দিষ্ট বয়সের নিয়ম নেই, আপনি যদি কোল্ড ওয়েদার পেমেন্ট এর যোগ্য হন তাহলে আপনি স্বয়ংক্রিয়ভাবেই এই পেমেন্ট পাবেন।

হাসন রাজা সেন্টার ভাড়ার সুযোগ

আমাদের সাপ্তাহিক প্রকল্প এবং তৎপরতা ছাড়াও হাসন রাজা সেন্টার খুব কম খরচে ভাড়া পাওয়া যায়। সকল ধরণের পার্টি অনুষ্ঠান যেমন, মেন্দী, জন্মদিন ইত্যাদির জন্য ভাড়া হলো :

গ্রাহক	সোম থেকে রোববার সকাল ৯:৩০ থেকে বিকাল ৯:৩০	ডিপোজিট	কিচেন (কুকার ব্যবহার করা যাবেনা)
এসোসিয়েশনের বাসিন্দা	২৫ পাউন্ড ঘন্টা	৪০ পাউন্ড	২০ পাউন্ড
বাসিন্দা নয় /চ্যারিটি/ কমিউনিটি গ্রুপ এবং অন্যান্য	৩০ পাউন্ড ঘন্টা	৪০ পাউন্ড	২০ পাউন্ড
ব্যবসা প্রতিষ্ঠান	৩৫ পাউন্ড ঘন্টা	৬০ পাউন্ড	২০ পাউন্ড

সকল প্রাইভেট পার্টি বা অনুষ্ঠান (যেমন মেন্দী, জন্মদিন, গ্রাজুয়েশন, ঈদ পার্টি) ইত্যাদির জন্য সপ্তাহান্তেসহ ১৫০ পাউন্ড ডিপোজিট দিতে হবে

ধারণ ক্ষমতা

বসা (চেয়ার টেবিলসহ ব্যাংকোয়েটিং স্টাইল) ৭০

কনফারেন্স স্টাইলে বসার ব্যবস্থা ৮০

আমরা ১২টি টেবিল এর ব্যবস্থা করতে পারি (৪জনের টেবিল) এবং ৮০টি চেয়ার।

আরও তথ্য এবং ভাড়া সংক্রান্ত তথ্যের জন্য অনুগ্রহ করে যোগাযোগ করুন এই নম্বরে ০২০ ৭৩৭৭ ১৩০৬ অথবা ইমেইলে hallhire@spitalfieldsha.co.uk সকাল সাড়ে ৯:৩০ থেকে বিকাল সাড়ে ৫:৩০ পর্যন্ত।

বিশেষ দ্রষ্টব্য: ১০টার ভিতরে সেন্টার অবশ্যই বন্ধ করতে হবে। সকল অনুষ্ঠান ১০টার মধ্যে শেষ করতে হবে এবং সেন্টার ১০টার মধ্যেই বন্ধ করতে হবে।

পারিবারিক নির্যাতন - কোন অজুহাত চলবেনা

পারিবারিক নির্যাতনের শিকারগণ নীরবে তা সহ্য করতে হবে না। অনেকগুলো এজেন্সি রয়েছে যারা পারিবারিক নির্যাতনের শিকারদের সাহায্য এবং পরামর্শ দিয়ে থাকে।

আমরা টাওয়ার হ্যামলেটস কাউন্সিল সহ কয়েকটি এজেন্সির সাথে কাজ করি যারা বিধিবদ্ধ এবং কমিউনিটি সংগঠনের সাথে পারিবারিক নির্যাতন রোধে পার্টনারশীপ ভিত্তিতে কাজ করে। কোন ব্যক্তি, পরিবার অথবা কমিউনিটিতে এসব ঘটনাবলী যে প্রভাব ফেলে তা কমাতে অথবা বন্ধে এজেন্সিগুলো সহায়তা করে।

পারিবারিক নির্যাতন হলো বয়স্কদের মধ্যে যারা পার্টনার (স্বামী স্ত্রী), পরিবারের সদস্য, নারী পুরুষ যেই হোকনা কেন তাদের মধ্যে যেকোন ধরণের হুমকিমুলক আচরণ, সহিংসতা অথবা গালিগালাজ (মানসিক, শারিরিক, যৌন বিষয়ক, আর্থিক অথবা আবেগজনিত) নির্যাতন ইত্যাদি। এসব সহিংসতার মধ্যে রয়েছে মহিলাদের খতনা (এফজিএম), তথাকথিত অনার ক্রাইম, জোরপূর্বক বিয়ে এবং লিঙ্গতা ভিত্তিক সহিংসতা।

প্রত্যেক কমিউনিটি, ধর্মবিশ্বাস ও সংস্কৃতিতে সাংসারিক নির্যাতনের ঘটনা ঘটে। বেশিরভাগ ক্ষেত্রেই পুরুষরা মহিলাদের নির্যাতন করেন এমনটি ঘটে, তবে এটি সমকামী পুরুষ ও মহিলা, বাইসেক্সুয়াল, ট্রান্সজেন্ডার সম্পর্কের মধ্যেও ঘটে থাকে। কোন কোন সময় মহিলারাও পুরষদের নির্যাতন করেন। অনেক সময় পরিবারের অন্যান্য সদস্যরাও এতে জড়িত থাকেন।

এটা স্বীকার করাও কঠিন হতে পারে যে আপনি পারিবারিক নির্যাতনের শিকার। যদি এমন ধরণের ঘটনা আপনার প্রতি হয়ে থাকে তাহলে তা নির্যাতন এবং অগ্রহণযোগ্য।

আপনি যদি পারিবারিক নির্যাতনের শিকার হন তাহলে সাহায্য চাইতে পারেন এবং পুলিশ এবং ডমেস্টিক এবিউজ সার্ভিসের সুরক্ষাও পেতে পারেন। আমাদের সাথে বিশ্বস্ততার সাথে কথা বলতে পারেন। নম্বর হলো: ০২০ ৭৩৯২ ৫৪০০ অপশন ২।

বিনামূল্যে

রেসিডেন্ট ট্রেনিং কর্মসূচী ২০১৯ - ২০২০

এখনই আবেদন করুন

অনেক কিছু করতে শিখুন

নতুন দক্ষতা অর্জন করতে চান?
নিজের ব্যাপারে আস্থা অর্জন করতে চান?
আপনার নিজের বাসস্থানে থাকার ব্যাপারে আরও জানতে চান?
তাহলে আপনি হয়তো আমাদের একটি ট্রেনিং কোর্সে অংশ নিতে আগ্রহী হতে পারেন।

নিম্নলিখিত এসোসিয়েশনের বাসিন্দাদের জন্য সকল কোর্স বিনামূল্যে। টিএইচএইচ, ইষ্ট এ্যান্ড হোমস, গেইটওয়ে, মেট্রোপলিটান, পপলার হারকা, প্রভিডেন্স রো, সাদার্ণ হাউজিং গ্রুপ, স্পিটালফিল্ডস, সোয়ান, টিএইচসিএইচ।

কোর্স	তারিখ	সময়
ইমার্জেন্সি ফার্ষ্ট এইড ট্রেনিং (স্বীকৃত)	শনিবার ১১ জানুয়ারী ২০২০	সকাল ১০টা থেকে বিকাল ৪:৩০টা
সেইফগার্ডিং	শনিবার ১৮ জানুয়ারী ২০২০	সকাল ১০টা থেকে বিকাল ৪টা
ডিআইওয়াই অর্থাৎ নিজে বাসস্থানে মেরামত করা (শুধুমাত্র মহিলা)	বুধবার ২২ জানুয়ারী ২০২০	সকাল ১০টা থেকে বিকাল ৪টা
বিড রাইটিং এবং গ্রান্ট ফান্ডিং	শনিবার ২৫ জানুয়ারী ২০২০	সকাল ১০টা থেকে বিকাল ৪টা
পেডিয়াট্রিক ফার্ষ্ট এইড ট্রেনিং প্রথম দিন (স্বীকৃত)	শনিবার ১ ফেব্রুয়ারী ২০২০	সকাল ১০টা থেকে বিকাল ৪:৩০টা
পেডিয়াট্রিক ফার্ষ্ট এইড ট্রেনিং দ্বিতীয় দিন (স্বীকৃত)	শনিবার ৮ ফেব্রুয়ারী ২০২০	সকাল ১০টা থেকে বিকাল ৪:৩০টা
প্রজেক্ট ম্যানেজমেন্ট দুই দিনের প্রথমটি	শনিবার ২২ ফেব্রুয়ারী ২০২০	সকাল ১০টা থেকে বিকাল ৪টা
প্রজেক্ট ম্যানেজমেন্ট দুই দিনের দ্বিতীয়টি	শনিবার ২৯ ফেব্রুয়ারী ২০২০	সকাল ১০টা থেকে বিকাল ৪টা
লেভেল ২ ফুড সেফটি এবং হাইজিন (স্বীকৃত)	শনিবার ৭ মার্চ ২০২০	সকাল ১০টা থেকে বিকাল ৪:৩০টা
রেসিডেন্ট ইনভল্বমেন্ট ট্রেনিং কমিটি স্কীলস	শনিবার ১৪ মার্চ ২০২০	সকাল ১০টা থেকে বিকাল ৪টা
ডিআইওয়াই অর্থাৎ নিজে বাসস্থানে মেরামত করা (মিক্সড্র গ্রুপ)	বুধবার ১১ মার্চ ২০২০	সকাল ১০টা থেকে বিকাল ৪টা
কম খরচে হেলদি কুকিং	বুধবার ১৮ মার্চ ২০২০	সকাল ১০টা থেকে বিকাল ৪টা
একটি অনুষ্ঠান আয়োজন ও পরিচালনা	শনিবার ২১ মার্চ ২০২০	সকাল ১০টা থেকে বিকাল ৪টা
ডিজিটাল ট্রেনিং	বুধবার ২৫ মার্চ ২০২০	সকাল ১০টা থেকে বিকাল ৪টা
ইমার্জেন্সি ফার্ষ্ট এইড ট্রেনিং (স্বীকৃত)	শনিবার ২৮ মার্চ ২০২০	সকাল ১০টা থেকে বিকাল ৪টা

কোর্সের ধরণ

- পারসোনাল ডেভেলোপমেন্ট
- লিভিং ইন ইওর হোম
- হেলথ এবং সেইফটি
- ইমপ্রুভিং ইওর কমিউনিটি

লাঞ্চ এবং হালকা খাবারের ব্যবস্থা থাকবে। আপনার ট্রেনিং কোর্সে আসায় সহযোগিতার জন্য বাসিন্দা যারা চলাফেরায় অসুবিধা আছে তাদের ট্রান্সপোর্টের ব্যবস্থা করা যেতে পারে। অনুগ্রহ করে কনফার্ম করার জন্য আগাম জানান।

টাওয়ার হ্যামলেটসের স্থানীয় স্থানগুলিতে কোর্স অনুষ্ঠিত হবে
সমস্ত স্থান হুইলচেয়ার ব্যবহারকারীদের জন্য অ্যাক্সেসযোগ্য

এখনই আবেদন করতে কিউআর কোডটি স্ক্যান করুন বা লগ ইন করুন:
www.eventbrite.co.uk/o/tower-hamlets-homes-17926371313

আরো তথ্যের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন: ০২০ ৭ ৩৯২ ৫৪০৭
murselin@spitalfieldsha.co.uk www.spitalfieldsha.co.uk